

১০২০৮  
৪৭

## ১৬ বরেণ্য ব্যক্তিত্ব পেলেন আন্তর্জাতিক মাতৃভাষা পদক-২০০৭

স্টাফ রিপোর্টার : বাংলাভাষা এবং বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ১৬ বরেণ্য ব্যক্তিত্ব 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক-২০০৭' পেলেন। বুধবার বাংলাদেশ-চীন যৌথ সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে জাপান-বাংলাদেশ কালাচারাল ফোরাম (জেবিসিএফ) এই পদক প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত জাপান দূতাবাসের রপ্তাদূত মাসাইউকি ইনোউয়ে। বিশেষ অতিথি ছিলেন জেবিসিএফ ও জুয়াব এর উপদেষ্টা অধ্যাপক হমতাজ উদ্দিন চুইয়া, দৈনিক করতোয়ার সম্পাদক লায়ন মোহাম্মেল হক এবং আলিফ গ্রুপ অব কোম্পানির চেয়ারম্যান কামাল উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেবিসিএফ-এর চেয়ারম্যান মোঃ হারুন অর রশীদ রাহু। খাপত বক্তব্য রাখেন জেবিসিএফ মহাসচিব আব্দুল হক।

আন্তর্জাতিক মাতৃভাষা পদকে তুমির্ভ হন দেশাখবোধক গানে প্রখ্যাত শিল্পী শাহনাজ রহমত উল্লাহ, বিগসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা হিসাবে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, মিডিয়া বিশেষজ্ঞ প্রখ্যাত শিল্পী মুস্তাফা মনোয়ার, চিত্রকর্মে বিশিষ্ট শিল্পী মর্জুমা বশীর, বাংলা সাহিত্যে ড. সুযোগি নারা, জাতীয় ও আন্তর্জাতিক কেন্দ্রান্তে সেরা শিল্পী ইডা রহমান, বিশিষ্ট ঔপন্যাসিক রাবেয়া খাতুন, বিশিষ্ট সাংবাদিক মার্ক টালি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রতিষ্ঠায় অবদান হিসাবে রফিকুল ইসলাম, বাংলাদেশের প্রথম স্যাটেলাইট টিভি চ্যানেল এটিএন বাংলা, নারী উদ্যোক্তা ড. হোসনে আরা, সংগঠক গোলাম মেহরাজ, নাট্যকার ড. সেলিম আলদীন, চিত্র নির্মাতা, প্রযোজক ও অভিনেতা সূত্রায় দত্ত, ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল এবং বিশিষ্ট গীতিকবিদ ড. মোস্তফা এ এইচ ডালুকদার। বর্ণাঢ্য পদক প্রদান অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।